দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 01 FEB 2012 ...
পৃষ্ঠা ... কলাম ...

# মানোন্নয়নে ব্যর্থ বেসরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজগুলোর অনুমোদন বাতিলের সিদ্ধান্ত

■ ইত্তেফাক রিপোর্ট

বেসরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজগুলোর (টিটিসি) শিক্ষার মান নিয়ে প্রশ্ন তুলেছে শিক্ষা মন্ত্রণালয়। একই সঙ্গে যে প্রতিষ্ঠানগুলো শিক্ষার মান উন্নয়নে ব্যর্থ হচ্ছে সেগুলোর অনুমোদন বাতিলেরও সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রণালয়।

শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত জাতীয় শিক্ষক শিক্ষা কাউন্সিলের (এনটিইসি) দ্বিতীয় সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় প্রশিক্ষণের মান উন্নয়নে কলেজগুলোয় সিলেবাস যুগোপযোগীকরণ, পরিদর্শন বাড়ানো, শর্ত পূরণের জোর তাগিদ প্রদান, নিজস্ব অবকাঠামো নির্মাণ নিশ্চিত করাসহ প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হবে বলে সিদ্ধান্ত নেয়া হয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে সভায় শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আর আই এম আমিনুর রশিদ, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) চেয়ারম্যান মমতাজ আহমেদ, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ফাহিমা খাতুন, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ আবুল কাসেম, মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান আবদুন নূর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিচালক প্রফেসর তাসলিমা বেগম, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সচিব মোঃ খালেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় বলা হয়, দেশের মোট ১০৪টি বেসরকারি টিটিসি'র মান বৃদ্ধির লক্ষ্যে এসব প্রতিষ্ঠানের প্রধানদের নিয়ে শীগগিরই একটি জাতীয় কর্মশালা হবে। এসব প্রতিষ্ঠানের পরিদর্শন কার্যক্রম আরো জোরদার করে প্রতিনিয়ত প্রতিবেদন দাখিল করা হবে। সভায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অকার্যকর ঘোষিত বেসরকারি ৩৬টি টিটিসি'র করা মামলা নিষ্পত্তির তাগিদ দেয়া হয়।